বিষয়ঃ রাজস্ব জোন-৬ এর আওতাধীন এলাকার অবৈধ পানির সংযোগ বিচ্যুতি এবং পানি ও পয়ঃ বকেয়া বিল আদায়ের লক্ষ্যে পরিচালিতব্য ভ্রাম্যমান আদালতের খরচ মিটানোর জন্য অস্থায়ী অগ্রীম অনুমোদন প্রসঙ্গে।

২০। রাজস্ব জোন ৬ এর আওতাধীন এলাকার অবৈধ পানির সংযোগ বিচ্যুতি এবং পানি ও পয়ঃ বকেয়া বিল আদায়ের লক্ষ্যে আগামী ১৬/১১/২০২৫, ১৭/১১/২০২৫, ১৮/১১/২০২৫, ২৬/১১/২০২৫, ২৭/১১/২০২৫ ও ৩০/১১/২০২৫ইং তারিখ মোট ৬ (ছয়) দিন ভ্রাম্যমাণ আদালত পরিচালনার জন্য ঢাকা ওয়াসার বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, আদালত-২ এর স্বারক নং-৪৬.১১৩.২১৫.০০.০০.০১.২০২৫/১৭ তারিখঃ ২৩/১০/২০২৫ইং এর মাধ্যমে কর্মসূচী জারী করা হয়েছে। ভ্রাম্যমাণ আদালত চলাকালে রাজস্ব জোন-৬ এবং বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীসহ, পুলিশ ফোর্স উপস্থিত থাকবেন। ভ্রাম্যমান আদালতের সার্বিক কাজে উপস্থিত কর্মকর্তা-কর্মচারীগণের আপ্যায়ন এবং পুলিশ ফোর্স সহ বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের সম্মানি ভাতা ও গাড়ী ভাড়া ইত্যাদি খরচ বাবদ ১ (এক) দিনে ১০,০০০/- (দশ হাজার) টাকা আর্থিক বরাদ্দের প্রয়োজন। সম্ভাব্য খরচের ব্রেক-আপ নিম্নরুপঃ-

ক) বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের সম্মানি বাবদ-	২,০০০/- × ১ দিন	= ২,০০০/-
খ) পুলিশ ফোর্সের আপ্যায়ন বাবদ-	৩,৫০০/- × ১ দিন	= ৩,৫০০ /-
গ) গাড়ী ভাড়া বাবদ	২,০০০/- × ১ দিন	= ২,০০০/-
ঘ) ভ্রাম্যমান আদালতের সহিত সংশ্লিষ্ট কর্মকর্তা- কর্মচারীগনের আপ্যায়ন খরচ বাবদ	২,৫০০/- × ১ দিন	= ২,৫০০ /-
মোট		= ১০,০০০/-

২১। উল্লেখ্য যে, বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মুঃ রাসেদুজ্জামান, আদালত-০১ এর নেতৃত্বে রাজস্ব জোন-৬ এর আওতাধীন এলাকায় আগামী ১৬/১১/২০২৫, ১৭/১১/২০২৫, ১৮/১১/২০২৫, ২৬/১১/২০২৫, ২৭/১১/২০২৫ ও ৩০/১১/২০২৫ইং তারিখ মোট ৬ (ছয়) দিন ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হবে (কপি সংযুক্ত)।

২২। এমতাবস্থায়, বিশেষ অভিযান পরিচালনার জন্য বর্ণিত খাতের খরচ মিটানোর লক্ষ্যে ৬ (ছয়) দিনে ১০,০০০ × ৬ = ৬০,০০০/- (ষাট হাজার) টাকা 'স্পেশাল ড্রাইভ' খাত হতে পি.পি.আর ২০০৮ এর ৮১(১) ধারা অনুযায়ী অস্থায়ী অগ্রীম হিসাবে উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-৬ এর অনুকূলে প্রদানের সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। এ অগ্রীমের টাকা পরবর্তীতে সমন্বয়ের জন্য খরচের ভাউচার হিসাব বিভাগে প্রেরণ করা হবে।

সফিকুল ইসলাম
সহকারী রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন-৬,
ঢাকা ওয়াসা।

আবদুল ওয়াদুদ
রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)
রাজস্ব জোন-৬, ঢাকা ওয়াসা

মোঃ এনায়েত করিম
উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)
রাজস্ব জোন-৬, ঢাকা ওয়াসা।

মোঃ মাহবুবর রহমান
উপসচিব
প্রধান রাজস্ব কর্মকর্তা
ঢাকা ওয়াসা

এস.এম. মোস্তফা কামাল মজুমদার
বাণিজ্যিক ব্যবস্থাপক (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা

মোঃ মুস্তাফিজুর রহমান
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ)
ঢাকা ওয়াসা

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

এস.এম. মোস্তফা কামাল মজুমদার
বাণিজ্যিক ব্যবস্থাপক (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা